মেহেরপুরের পিরোজপুরে আ’লীগের দু-গ্রুপের সংঘর্ষ- আহত ২, আটক

- ৪ (আপডেট)

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর গ্রামে প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনকে সংবর্ধনা দেওয়ার প্রস্তুতি সভায় আ’লীগের দু-গ্রপের সংঘর্ষের ঘটনা ঘটে।

সোমবার সন্ধার দিকে এ ঘটনা ঘটে। এতে ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি আব্দুস সালাম বিশ্বাস আহত হয়। পরে সদর থানার ওসি শাহ দারা খান সঙ্গীয় ফোর্স নিয়ে ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রনে আনে।

এ সময় পুলিশের তাড়া খেয়ে বন্যা নামের আরও এক মেয়ে আহত হয়। আহত বন্যাকে মেহেরপুর জেনারেল হাসপাতালে নিয়ে আসা হয়েছে।

স্থানীয় সুত্রে জানা গেছে, জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন কে পিরোজপুর আ’লীগ কতৃক সংবর্ধনা দেওয়া হবে৷ এ নিয়ে আজ প্রস্তুতি সভার আয়োজন করা হয়৷ স্থানীয় কিছু নেতা কর্মিকে বাদ দিয়ে সভার আয়োজন করা হয়৷ এ নিয়ে পক্ষপাতিত্বের সৃষ্টি হয়। পরে দু-পক্ষের মাঝে কথা কাটাকাটির এক পর্যায়ে সংঘর্ষ বেধে যায়। দেশিও অস্ত্র নিয়ে দুদিকে দু-পক্ষ অবস্থান করে।

পরে পুলিশ গিয়ে তাদের ছত্রভঙ্গ করে দেয়। সেই সাথে চার জনকে আটক করে থানায় নিয়ে আসা হয়।

আটকৃতরা হলেন, পিরোজপুর গ্রামের দবির বিশ্বাসের ছেলে মিজানুর রহমান (৩৪), আজহার বিশ্বাসের ছেলে লালন বিশ্বাস (২৪), মৃত নেদু বিশ্বাসের ছেলে বাবলু বিশ্বাস(৪২), মাদার বিশ্বাসের ছেলে সোহেল বিশ্বাস (২৭)

এ বিষয়ে পিরোজপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি আব্দুস সালাম বিশ্বাস জানান, প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন কে সংবর্ধনা দেওয়ার প্রস্তুতি সভা করছিলাম।

এমন সময় কিছু হাইব্রিড আওয়ামীলীগ নেতা আমার উপর চড়াও হয়। আমাকে জুয়েল, জিয়া, লালন, সাধন সহ বেশ কয়েক জন অতর্কিত ভাবে মারধর শুরু করে।

মেহেরপুর জেলা আওয়ামীলীগের সহসভাপতি ও পিরোজপুর ইউপি চেয়ারম্যান আব্দুস সালাম বাবলু বিশ্বাস জানান, দুই গ্রুপের মধ্যে পূর্ব শত্রুতা ছিল। তারই জের ধরে আজ প্রস্তুতি সভায় নিজেদের মধ্যে হাতাহাতি করে।

মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান বলেন, মারামারির ঘটনা জানতে পেরে আমরা সাথে সাথে ঘটনাস্থলে যায়। দু-পক্ষকে ছত্রভঙ্গ করে দিই। সেই সাথে চারজনকে আটক করে থানায় নিয়ে যাওয়া হয়। বর্তমানে পরিস্থিতি শান্ত। তবে পরবর্তীতে যাতে কোন ধরনের অঘটন না ঘটে সেজন্য পুলিশ ঘটনাস্থলে অবস্থান করছে।

মেপ্র/এমএফআর

প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ ২০১৮ প্যানেল বাস্তবায়নের দাবিতে মানববন্ধন

মেহেরপুরে প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ ২০১৮ বাস্তবায়নের দাবিতে মানববন্ধন করেছে প্যানেল বাস্তবায়ন কমিটি।
সেই সাথে প্রধানমন্ত্রীর সাক্ষাৎকার পাওয়া প্রসঙ্গে জেলা প্রশাসক বরাবর স্বারকলিপি প্রদান করেছে কমিটি।
সোমবার সকালে মেহেরপুর প্রেসক্লাবের সামনে মানববন্ধন করা হয়। মানববন্ধনের নেতৃত্ব দেয় প্যানেল বাস্তবায়ন কমিটির মেহেরপুর জেলা শাখার সভাপতি ফিরোজ আহম্মেদ।
এসময় বক্তারা বলেন, প্রধানমন্ত্রীর মুজিববর্ষের প্রতিশ্রুতি ছিল কেউ বেকার থাকবে না।
তারই প্রতিশ্রুতি অনুযায়ি ৩৭ হাজার চাকুরি প্রার্থীকে প্যানেলের মাধ্যমে নিয়োগের দাবি জানান।
এসময় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, সহ সভাপতি আরিফুল ইসলাম, সাধারণ সম্পাদক মাজেদুল ইসলাম, সদস্য আরিফুল ইসলাম, সাদ্দাম হোসেন, মেঘলা খাতুন, মাহফুজ গোলাপ, শারমিন আফরোজ, এটিএম

শামসুজ্জামান প্রমুখ।

মেপ্র/এমএফআর

মুজিবনগরে ‘গ্রামীণ জনগোষ্ঠীর উন্নয়নে প্রচার কার্যক্রম শক্তিশালীকরণ’ শীর্ষক মহিলা সমাবেশ

মেহেরপুরের মুজিবনগরে ‘গ্রামীণ জনগোষ্ঠীর উন্নয়নে প্রচার কার্যক্রম শক্তিশালীকরণ’ প্রকল্পের আওতায় মহিলা সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকাল ১১টার দিকে উপজেলার গৌরিনগর সরকারি প্রাথমিক বিদ্যালয় হলরুমে এ সমাবেশের আয়োজন জেলা তথ্য অফিস।

জেলা তথ্য অফিসার এলিন সাঈদ-উর রহমানের সভাপতিত্বে মহিলা সমাবেশে প্রধান অতিথি ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ উসমান গনি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা শিক্ষা কর্মকর্তা বেলায়েত হোসেন, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা মোঃ তাজুল ইসলা।

সমাবেশে প্রধান অতিথি উসমান গনি বলেন “উন্নয়নের সাথে সাথে মানুষের জীবন যাত্রার মানও উন্নত হচ্ছে। এখন মানুষের ঘরে ঘরে বিদ্যুৎ, হাড়ির পরিবর্তে গ্রামের নারীরাও এখন প্রেসার কুকার, রাইচ কুকার ব্যবহার করছেন। এভাবে প্রতিটা ব্যক্তিগত উন্নয়নের সাথে সাথে দেশের সামগ্রিক উন্নয়ন হচ্ছে”।

অনুষ্ঠানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন আলাউদ্দীন, উপজেলা সহকারী শিক্ষা কর্মকর্তিা আলাউদ্দিন, বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ শামারুল ইসলাম , অন্যান্য শিক্ষক, শিক্ষিকাবৃন্দ। সমাবেশে এলাকার মহিলা অংশ নেন।

মেহেরপুরে এসএমই পণ্য মেলা উপলক্ষে প্রেস ব্রিফিং

মেহেরপুরে সপ্তাহব্যাপী এসএমই পণ্য মেলা উপলক্ষে প্রেস ব্রিফিং অনুষ্ঠিত হয়েছে।

সোমবার সকালে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক ও স্থানীয় সরকার বিভাগের উপ-পরিচালক মৃধা মোহাম্মদ মুজাহিদুল ইসলামের সভাপতিত্বে সিনিয়র সহকারী কমিশনার এম এম আরাফাত হোসেন পণ্য মেলার মূল প্রতিপাদ্য বিষয়ের উপরে আলোচনা করেন।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন জেলা প্রেসক্লাবের সভাপতি এসএম তোজাম্মেল আযম, মেহেরপুর প্রেসক্লাবের সভাপতি ফজলুল হক মন্টু, শিল্প ও বণিক সমিতির সাধারণ সম্পাদক আরিফুল এনাম বকুল, বাসাস এর জেলা প্রতিনিধি দিলরুবা, সাংবাদিক মাসুদ রানা প্রমুখ। প্রেস বিফ্রিংয়ে জেলায় কর্মরত বিভিন্ন গণমাধ্যমের সাংবাদিকরা উপস্থিত ছিলেন।

মেপ্র/ইএম

মেহেরপুরের মল্লিকপাড়ায় ড্রেণ নির্মাণ কাজের উদ্বোধন

মেহেরপুর পৌর এলাকার ৭ নম্বর ওয়ার্ডের মল্লিকপাড়ায় ড্রেণ নির্মাণ কাজের উদ্বোধন করা হয়েছে।

সোমবার দুপুরের দিকে পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন মল্লিকপাড়া ড্রেন নির্মাণ কাজের উদ্বোধন করেন। মল্লিকপাড়া মুকুলের বাড়ি হতে নাসির এর বাড়ি পর্যন্ত ৪২০ মিটার আর সিসি ড্রেন নির্মাণের কাজ বরাদ্দ ৫১লাখ ৫২হাজার ৫০০টাকা। আগামি ৪ জুলাইয়ের মধ্যে কাজ শেষ হবে।

এ সময় সেখানে দোয়া করা হয়। ওয়ার্ড কাউন্সিলর নুরুল হাসান রাজিব, প্রকৌশলী হারুনুর রশীদ, সহকারি প্রকৌশলী মহাসিন আলী প্রমুখ সেখানে উপস্থিত ছিলেন।

মেপ্র/ ইএম

গাংনীতে দুই ইটভাটার মালিককে ১ লাখ টাকা জরিমানা

মেহেরপুরের গাংনীতে সড়কে মাটি ফেলে জনসাধারনের চলাচল বিঘ্ন করার অপরাধে দুই ইটভাটার মালিককে ১ লাখ টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

সোমবার দুপুর ১২ টার দিকে পুড়াপাড়া ও মুন্দা তেরাইল এলাকায় দুটি ইটভাটায় ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে এ জরিমানা আদায় করেন গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান জানান, গাংনী- মেহেরপুর সড়কের পুড়াপাড়া নামক স্থানে ইটভাটার মাটি রাস্তায় পড়ে জনসাধারনের চলাচলে বিঘ্ন সৃষ্টি হওয়ার বানারুল ইসলাম নামের এক ইটভাটা ব্যবসায়ীকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। এছাড়া একই অপরাধে তেরাইল-মুন্দা এলাকায় আশরাফুল ইসলাম নামের এক ইটভাটা ব্যবসায়ীকে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়।

তিনি জানান, এর আগে উপজেলার সকল ইটভাটা মালিককে রাস্তার মাটি না ফেলতে এবং সব সময় রাস্তা পরিস্কার পরিচ্ছন্ন রাখার আহবান জানানো হয়। তারপরও তারও এই অপরাধ করেছে।

তিনি আরো জানান, কোন ভাবেই রাস্তায় মাটি ফেলে জনসাধারনের চলাচল বিঘ্ন সুৃষ্টি করা যাবেনা।

মেহেরপুর জেলা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির নবনির্বাচিত কমিটির সদস্যদের শপথ

মেহেরপুর জেলা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির নবনির্বাচিত কমিটির সদস্যদের শপথ গ্রহন অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রবিবার সকালে জেলা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির কার্যালয়ে তাদের শপথ অনুষ্ঠিত হয়। মেহেরপুর জেলা ইমাম সমিতির সভাপতি আনছার উদ্দিন বেলালী সদস্যদের শপথ বাক্য পাঠ করান।

জেলা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির নবনির্বাচিত সভাপতি নুরুল ইসলাম, সহ-সভাপতি হাজী মো: মোয়াজ্জেম হোসেন, মহিবুল ইসলাম, সাধারণ সম্পাদক মো: মোয়াজ্জেম হোসেন, যুগ্ম সম্পাদক হায়দার আলী খান, কোষাধ্যক্ষ আব্দুর রহমান, যুগ্ম কোষাধক্ষ্য হিসাব উদ্দিন, নির্বাহী সদস্য আলী আফজাল, নূর মোহাম্মদ, আতিয়ার রহমান, ইব্রাহিম শেখ, মোহন, সালেহা, আব্দুস সাত্তার, জিন্নাত আলী, শাহাবুদ্দীন ও শহীদ উল ইসলাম শপথ গ্রহণ করেন।

পরে সেখানে দোয়া অনুষ্ঠিত হয়। শপথ গ্রহন অনুষ্ঠানে বক্তব্য দেন জেলা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির সহ-সভাপতি হাজী মো: মোয়াজ্জেম হোসেন, মহিবুল ইসলাম, যুগ্ম সম্পাদক হায়দার আলী খান।

মেপ্র/আরপি

মেহেরপুরে হেরোইনসহ আটক ১

মেহেরপুরে ২ গ্রাম হেরোইন সহ আল মামুন নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ডিবি পুলিশ।

রবিবার মেহেরপুর সদর উপজেলার যাদবপুর গোরস্থান এলাকা থেকে তাকে আটক করা হয়।

আটক আল মামুন সদর উপজেলার রাজাপুর গ্রামের আনোয়ার হোসেনের ছেলে৷

জেলা গোয়েন্দা পুলিশের ওসি রবিউল ইসলাম জানান, রবিবার বিকালে মেহেরপুর সদর উপজেলার গ্রামের গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে এক ব্যক্তিকে আটক করা হয়।

পরে তাকে তার কাছ থেকে দুই গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।

এ বিষয়ে মেহেরপুর সদর থানায় একটি নিয়মিত মামলা রুজু করা হয়েছে৷

মেপ্র/এমএফআর

সরকারী অর্থায়নে সম্পূর্ণ বিনামূল্যে ফ্রীল্যান্সিং ট্রেনিং

বর্তমান সরকার দেশকে তথ্য প্রযুক্তির মাধ্যমে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে বিভিন্নভাবে কাজ করে চলছে। এরই ধারাবাহিকতায় সরকারের আইসিটি ডিভিশনের আয়োজনে ‘লার্নিং এন্ড আর্নিং ডেভলপমেন্ট প্রজেক্ট’ চালু হয়েছে।

এই প্রজেক্ট এর আওতায় মেহেরপুর জেলায় ওয়েব ডিজাইন এন্ড ডেভেলপমেন্ট, গ্রাফিক্স ডিজাইন এবং ডিজিটাল মার্কেটিং কোর্সের রেজিস্ট্রেশন চলছে।

আমাদের দেশের তরুণ সম্প্রদায়কে আউটসোর্সিং বিষয়ে সক্ষমতা বৃদ্ধি করে মানবসম্পদে রুপান্তর করাই ৫০ দিনব্যাপি এই প্রকল্পের মূল উদ্দেশ্য।

এই লক্ষ্যে একযোগে দেশব্যাপী প্রশিক্ষণার্থীদের অনলাইন রেজিস্ট্রেশন ও প্রশিক্ষণার্থী নির্বাচনের জন্য পরীক্ষার ব্যবস্থা করা হয়েছে।

অনলাইন রেজিস্ট্রেশন এর জন্য লিংক: http://ledp.ictd.gov.bd/registration

সড়ক দুর্ঘটনায় আক্তারুলের মৃত্যু নাকি পরিকল্পিত হত্যা

কাছে ছিল দইয়ের ভাড়, সেটি ভাঙেনি, অক্ষত ছিল মিষ্টির প্যাকেট ও মাছের ব্যাগও। কিন্তু এই সামগ্রি গুলোর মালিক আক্তারুল ইসলাম সড়ক দুর্ঘটনায় মাথা থেতলিয়ে মারা গেলেন। আক্তারুলের দুই সহযাত্রীও অক্ষত ছিলেন। ঘটনার পর থেকে তারাও আত্মগোপনে ছিলেন তাদের বহনকারী গম মাড়াইকরা হুপার নিয়ে।

এ ধরণের একটি ঘটনা পাঠকদের মনে নানা প্রশ্ন তৈরি করবে? পাঠকরা ভালভাবে উপলব্ধি করার চেষ্টা করবেন এটি নিছকই দুর্ঘটনা নাকি হত্যা?

পুলিশ এটিকে সড়ক দুর্ঘটনা বলে তদন্ত প্রতিবেদন জমা দিলেও নিহতের পরিবারের পক্ষ থেকে সিআইডিকে পুন:তদন্ত দেওয়ার দাবি করে আদালতে আবেদন করা হয়েছে।

নিহতের পরিবারের সদস্যদের অভিযোগ, আক্তারুলের দুই সহযাত্রী কামাল হোসেন ও বাহারুল ইসলাম পরিকল্পিতভাবে তাকে ধাক্কা দিয়ে গম

মাড়াইকরা হপারের নিচে ফেলে দিয়েছে। আর হপারের চাকার নিচে মাথা পড়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়েছে।
ঘটনার বিবরণে জানা গেছে, ২০১৯ সালের ৫ অক্টোবর ঘটনাটি ঘটে মেহেরপুর জেলার গাংনী উপজেলার বাওট গ্রামের আব্দুল গনি ডিগ্রী কলেজের কাছে। সে সময় অজ্ঞাত ট্রাকের ধাক্কায় আক্তারুলের মৃত্যু হয় বলে প্রচার করা হয় বিভিন্ন পত্র-পত্রিকা সহ সামাজিক যোগাযোগ মাধ্যমে। এ বিষয়ে একটি মামলাও হয় অজ্ঞাত ট্রাক চালকের বিরুদ্ধে।

ঘটনার ৪ মাসের মাথায় বেরিয়ে আসলো চাঞ্চল্যকর তথ্য। ট্রাকের ধাক্কায় না চড়ে থাকা হপারের নিচে পড়ে তার মৃত্যু হয়। সেসময় ঘটনা ধামাচাপা দিয়ে ফেলে সাথে থাকা কামাল ও বাহার নামের দুইজন।

নিহতের পরিবারের দাবি সাথে থাকা দুইজন কামাল ও বাহার পরিকল্পিতভাবে তাকে ধাক্কা দিয়ে ফেলে হত্যা করেছে। এ নিয়ে এলাকায় সালিস বৈঠক হলে সেখানে কামাল ও বাহারের কথায় সন্দেহ আরো ঘনিভূত হয়।

পরিবারের একমাত্র উপার্জনক্ষম মানুষকে হারিয়ে তিন সন্তান নিয়ে মানবেতর জীবন যাপন করছে মৃত আক্তারুলের স্ত্রী সাহিনা খাতুন। এই সুযোগটি কাজে লাগানোর জন্য কামাল সাহিনাকে ৬০ হাজার টাকা নিয়ে বিষয়টি চেপে যাওয়ার কথাও বলে।

গাংনীর হিজলবাড়ীয়ার গ্রামের আক্তারুল ইসলাম এর স্ত্রী সাহিনা খাতুন বলেন, গত বছরের ৫ অক্টোবর হিজলবাড়ীয়া গ্রামের আশরাফুল ইসলামের ছেলে কামাল ও গোপালপুর গ্রামের মৃত ইসলামের ছেলে বাহার আলী আমার স্বামী আক্তারুলকে সাথে নিয়ে সিরাজগজ জেলার তালাশ নামক এলাকায় যায় গম মাড়াই হপার মেশিন কেনার জন্য। মেশিন কিনে ফিরে আসার সময় গাংনী উপজেলা বাওট গ্রামের আব্দুল গনি ডিগ্রী কলেজের কাছে হপার গাড়ী থেকে ধাক্কা দিয়ে ফেলে মেরে ফেলে। পরে তার লাশ ফেলে হপার গাড়ী নিয়ে পালিয়ে কামাল ও বাহার। আমি ফেসবুক ব্যবহার কারী দের মাধ্যমে জানিতে পারি যে আমার স্বামীর লাশ বাওট গ্রামের আব্দুল গনি ডিগ্রী কলেজের কাছে পড়ে আছে। পরে গাংনী থানা পুলিশ লাশ উদ্ধার করে মেহেরপুর মর্গে পাঠায়।

সাহিনা খাতুন আরো জানান, আমার স্বামীর লাশ ফেলে রেখে কামাল হোসেন ও বাহার আলী রক্তাক্ত হপার গাড়ী নিয়ে পালিয়ে জোড়পুকুরে এক আত্মীয়র বাড়ি যায়। সেখানে গাড়ীতে রক্ত দাগ দেখে বাড়ীর মালিক তাদের চলে যেতে বলে। সেখান থেকে ফিরে ভোমরদা গ্রামের কামাল

হোসেনের দুসম্পর্কের এক ভাইরার বাড়িতে চার দিন অবস্থান করে।

ঘটনার চার দিনের মাথায় আমার স্বামীর মৃত্যুর জন্য দোয়ার আয়োজনের প্রস্তুতি নিচ্ছিলাম। এমন সময় সংবাদ পেলাম আমার স্বামীর মৃত্যু বিষয়ে আশমত আলীর বাড়িতে সালিশ হচ্ছে। সেখানে আমি উপস্থিত হই এসময় কামাল জনরোসে পড়ে স্বীকার করে আক্তার তাদের হপার গাড়ির নিচে পড়ে মারা গেছে।

পরে কামাল আমার বাড়িতে এসে আমাকে ৬০ হাজার টাকা দিতে যায়। কিন্তু সে টাকা আমি ফেরত দিই।

এরই মধ্যে কামাল ও বাহার পুলিশ প্রশাসন ম্যানেজ করে হত্যাকে আত্মহত্যা বলে কাগজপত্রে আমাদের সাক্ষর করে নেই।

নিহতের বড় ছেলে শাকিল হোসেন বলেন, আমাকে পুলিশের মাধ্যমে থানায় নেওয়া হয়। পরে একটি কাগজে সাক্ষর করতে বলে। আমি না বুঝে সাক্ষর করে দিই। পরে আমরা আসল ঘটনা জানতে পেরে আদালতের মাধ্যমে ঘটনার তদন্ত দাবি করেছি।
এদিকে অভিযুক্ত কামাল হোসেনের সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, আমরা ৩ জন একই গাড়ীতে ছিলাম। কিন্ত আক্তার কে ট্রাকে ধাক্কা মারে ।এসময় সে নিচে পড়ে গিয়ে তার মাথার উপর দিয়ে চাকা চলে যায়।

তবে বাহার আলী এই বিষয়ে কথা বলতে রাজি হননি।

মামালার তদন্তকারী কর্মকর্তা গাংনী থানার এসআই মকবুল হোসেন জানান, আমাদের কাছে অভিযোগ এসেছিল অজ্ঞাত ট্রাকের বিরুদ্ধে। আমি সে মোতাবেক তদন্ত করেছি। বিভিন্ন সিসি টিভি ফুটেজসহ স্থানীয় বেশ কিছু সাক্ষিদের সাক্ষ্য গ্রহন করে তদন্ত রিপোর্ট দাখিল করি। এখন যে বিষটি উঠে আসছে সে বিষয়ে আমার কোন কিছু জানা নেই।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ওবাইদুর রহমান জানান, আক্তারুল ইসলামের মৃত্যু ট্রাকের ধাক্কাতেই হয়। নিহতের পরিবার থেকে যে অভিযোগ করা হয়েছে তা ঠিক নয়।